

এবার উজাড় করে লও হে আমার যা-কিছু সম্বল ।
ফিরে দাও, ফিরে চাও, ফিরে চাও ওগো চঞ্চল ॥
চৈত্ররাতের বেলায় নাহয় এক প্রহরের খেলায়
আমার স্বপনস্বরূপিণী প্রাণে দাও পেতে অঞ্চল ॥
যদি এই ছিল গো মনে,
যদি পরম দিনের স্মরণ ঘুচাও চরম অযতনে,
তবে ভাঙা খেলার ঘরে নাহয় দাঁড়াও ক্ষণেক-তরে—
সেথা ধুলায় ধুলায় ছড়াও হেলায় ছিন্ন ফুলের দল ॥

Parjaay: Prem, Taal: Tritaal, Raag: Desh

Visit www.geetabitan.com for notation and other detail